



চীনের খনি দুর্ঘটনায় শোক জানালেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

চীনের শানঝি প্রদেশে একটি কয়লাখনিতে বিস্ফোরণের ঘটনায় হতাহতদের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৪ মে) দেওয়া এক শোকবার্তায় তিনি বাংলাদেশ সরকার ও দেশের জনগণের পক্ষ থেকে নিহতদের পরিবার এবং চীনের জনগণের প্রতি সহানুভূতি প্রকাশ করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত বার্তায় এ তথ্য জানানো হয়।

শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, দুর্ঘটনার পর উদ্ধার কাজে নিয়োজিত সদস্যদের প্রতি বাংলাদেশের শুভকামনা ও প্রার্থনা রয়েছে। আহত ও নিখোঁজদের উদ্ধারে যারা নিরলসভাবে কাজ করছেন, তাদের প্রচেষ্টার প্রশংসাও করেন তিনি।

এ সময় তিনি আরও উল্লেখ করেন, এ কঠিন পরিস্থিতিতে বাংলাদেশ চীনের পাশে রয়েছে। ক্ষতিগ্রস্তদের সহায়তা, আহতদের চিকিৎসা এবং ঘটনার তদন্তে চীনের চলমান উদ্যোগের প্রতিও সমর্থন জানান প্রধানমন্ত্রী।

দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলো যেন এই শোক কাটিয়ে ওঠার শক্তি ও সাহস পায়, সেই কামনাও করেন তিনি।